January-March 2018

# DX-NET

Wave Surfers' Association , Rajshahi, Bangladesh.

Volume -12 | Edition - 01

## সম্পাদকীয়

নববর্ষ ২০১৮ এর শুভেচ্ছা সবাইকে।


যারা নিয়মিত ডিএক্সিং-এর সাথে জড়িত তারা "ডিএক্স-নেট" পত্রিকা সর্ম্পকে ভালো জানার কথা। এক সময় বাংলাদেশের ডি-এক্স বাজারকে সমৃদ্ধশালী করে তুলেছিলো রেডিও বিষয়ক পত্রিকা ডিএক্স নেট। রাজশাহী ডিএক্স সিটি থেকে প্রকাশিত ডিএক্স নেট এদেশের সৌখিন ডিএক্সারদের একত্রে জড়ো করেছিলো এই পত্রিকাটি। রেডিও ও ডিএক্স বিষয়ক তখনকার রেডিও ভেরিতাস এশিয়া বাংলা বিভাগ থেকে প্রচারিত "আজকের গণমাধ্যম" অনুষ্ঠানটি নিয়মিত এই পত্রিকার সহায়তা নিতো। প্রত্রিকাটি একটানা ১১ বছর প্রকাশনার পর এখন থেকে ১১ বছর আগে নানা কারণে বন্ধ হয়ে যায়। ফলে সখের ডিএক্সারগণ পুরণো স্মৃতি ধারণ করে এখনও যার যার মতো করে ডিএক্স জগতে টিকে আছেন। বছরের পর বছর বন্ধ থাকার পর অনেকেই হয়তো ভুলে গেছেন এই পত্রিকার কথা। কিন্তু কিছুদিন ধরে ফেইসবুক সোস্যাইল মিডিয়ায় আবারও ডিএক্স-নেট সর্ম্পকে ঘোষণা আসছে এর নতুন করে প্রকাশনার ব্যাপারে। দেখলাম অনেকেই আশাবাদী। অনেকেই পাল্টা পোস্ট দিয়ে জানতে চাচ্ছেন কবে নাগাদ আত্মপ্রকাশ ঘটতে যাচ্ছে। তাই নতুন করে বলতে হচ্ছে রেডিওর ভবিষ্যৎ নিয়ে- এই মাধ্যমটি টিকেই থাকবে। গণমাধ্যমের এই প্রসার যুগে রেডিও টিকে থাকবে আপন মহিমায় যদি ডি-এক্স হবিটা টিকে থাকে। আর রেডিওর ভবিষ্যৎ অবশ্যই উজ্জল করে রাখার দায়িত্ব ডিএক্সারদের। আমি এই পত্রিকার প্রকাশক ও স্বত্তাধিকারী আশিক ইকবাল টোকনকে সাধুবাদ জানাই নতুন করে উদ্যোগ নেওয়ার জন্য। আমাদের তরফ থেকে পুর্ণ সহযোগিতার আশ্বাস রইলো। পাঠকদের প্রতি রইলো শুভ কামনা।



ফাদার সুনীল রোজারিও
www.radiojyotibd.com
Bogra City, Bangladesh.

## ভেতরের পাতায়


| | |
|---|---|
| স্মৃতিচারণ: RFI | 02 |
| *প্রসঙ্গ বেতার সংবাদ* | 03 |
| *DX-ing এর মাঠে* | 04 |
| ***Quiz Corner*** | 05 |
| বেতার পরিচিতি | 06 |
| বেতার আজ শুধুই স্মৃতি | 07 |
| ফেলে আসা দিনের স্মৃতি | 08 |
| ***Bengali Schedule*** | 09 |
| ***Hindi Schedule*** | 10 |
| ***English Schedule*** | 11 |
| ***Urdu Schedule*** | 14 |
| ***Scan FM*** | 15 |
| ***Radio Taiwan Int'l*** | 16 |

## অভিনন্দন

আপনাদের, যাঁরা শেষ পর্যন্ত DX-NET প্রকাশ করতে উদ্বুদ্ধ করলেন !
আপনাদের উৎসাহই আমাদের চালিকা শক্তি !!

## স্মৃতির ক্যানভাসে RFI

Radio France International বা RFI এর সাথে আমার সখ্যতা ও শ্রোতা হিসেবে ডি-এক্স জগতে পদচারণ এক সাথে। স্কুলের গন্ডি পেরিয়ে সবে রাজশাহী কলেজে ভর্তি হয়েছি। নতুন পরিবেশ, নতুন বন্ধু, নতুনভাবে নিজেকে চিনতে শেখার সোনালী সময়। সেই সময়ে এক শীতের সকালে বেতার যন্ত্রের সাথে পরিচয় করিয়ে দিয়েছিলেন আমার সহপাঠি সাবিনার ভাই।

আগ্রহের শুরুটা সাবিনার কলেজ ব্যাগ, আশিক ভাইয়ের হ্যান্ডব্যাগ, ক্যাপ, হাত ঘড়ি ও কলম। প্রত্যেকটাই রেডিও ফ্রান্সের। আমার আগ্রহ ও আশিক ভাইয়ের সহযোগিতা সাথে সাত বান্ধবীর ঐক্যতান- শ্রোতা হিসেবে প্রিয়ার অভ্যুত্থান। ১৯৯৭ এর নভেম্বর, কলেজ মাঠে সন্ধ্যে নামছে। বৃত্তাকারে বসে আমরা ৮জন, সাবিনা, পিউ, প্রিয়াংকা, মৌটুসি, স্নিগ্ধা, নিপুণ, আমি ও আশিক ভাই। বৃত্তের কেন্দ্রে একটা পকেট রেডিও। আমরা গভীর আগ্রহের সাথে শুনছি RFI Club 9516।

এভাবেই Radio France International এর Club 9516, with David Page এর হাত ধরে আমার এগিয়ে চলা। মাস খানেকের মধ্যে আমরা 7 Musketeers হয়ে জন্ম দিলাম RFI Fan's Forum এর। পড়াশোনার ফাঁকে আবসর কাটানোর পাশাপাশি দেশ বিদেশ সম্পর্কে জানার অনতম মাধ্যম হয়ে ওঠে এই বেতার। শুধু RFI নয়, জার্মান, জাপান, চীন ও কায়রোতে সম্পর্ক গড়ে তুলি আমি। হয়ে উঠি রেডিও ভেরিতাসের একজন নিয়মিত শ্রোতা।

যে সব উপহার সামগ্রী দেখে আমার আগ্রহ, সেই উপহার আমার হাতে এসে পৌচ্ছায় জানুয়ারী ১৯৯৮ এ। David Page নতুন বছরের শুরুর বিজয়ী ১০ জনের ৫জনকেই বেছে নিয়েছিলেন ৭ Musketeersদের ভেতর থেকেই। উপহার হাতে পাওয়ার পর আমার সেই উন্মাদনার বর্ননা করা অসম্ভব, কিন্তু সেই অনুভূতি এখনো অম্লান।

আজ আমার সময়কাটে ছেলে-মেয়ের স্কুল আর পরিবারের ব্যস্ততায়। দেওয়ালে টাঙানো বড়-পর্দার টিভি আর হাতের স্মার্ট ফোন এখন অবসরের অবলম্বন। রেডিও শোনাতো পরের কথা রেডিও নামক একটা যন্ত্র যে আছে তাও আমার ছেলে-মেয়ের জানানেই। এমন সময় ফেসবুকে ”ডি-এক্স নেটের” পুনঃপ্রকাশ আবাক করলো। রেডিও এখনও? লোকে পাগল বলবে নাতো! এর পরপরই ফেসবুকে এনিয়ে আলোচনা আমাকে স্মৃতিচারি করে তুললো।

RFI , অবসরে যাওয়া David Page ও তার Club-9516 এবং তার পরের Susan'র Sound Kitchen ভেসে উঠলো স্মৃতিপটে, আর বুক চিরে রেরিয়ে এলো দীর্ঘশ্বাস।

ফারহা শারমীন প্রিয়া

ipriya@cheerful.com

Welcome Back

DX-NET

RFI Surfers' Society Bangladesh

# প্রসঙ্গ বেতার সংবাদ

হাসান মীর

রাজশাহীতে আঞ্চলিক বেতার কেন্দ্র আনুষ্ঠানিকভাবে চালু হয়েছিল ১৯৬৪ সালের শেষ দিকে শহরের কাজিহাটা এলাকায় স্থাপিত বেতার ভবন বা সম্প্রচার কেন্দ্র থেকে। এর আগে অবশ্য বিশ্ববিদ্যালয় সংলগ্ন মতিহার প্রেরণ কেন্দ্র থেকে কিছু নিজস্ব অনুষ্ঠান আর কিছু জাতীয় অনুষ্ঠান রীলে করা হতো। বেতার ভবন চালু হলে প্রতিদিন সন্ধ্যা ৬-৫০ মিনিটে প্রথমে বাংলায় ও পরে উর্দুতে ৫ মিনিট করে স্থানীয় সংবাদ প্রচার শুরু হয়। প্রথম বার্তা সম্পাদক ছিলেন প্রয়াত তসিকুল আলম খান (টি এ খান) যিনি রেডিও তে যোগদানের আগে মর্ণিং নিউজ পত্রিকায় সাংবাদিকতা করতেন। প্রথম দিকের একজন বাংলা পাঠক ছিলেন প্রয়াত আফতাবউদ্দিন মৃধা, যিনি পরবর্তীকালে কোরিয়া প্রবাসী হয়েছিলেন। বার্তা বিভাগের প্রথম পিয়ন ছিলেন প্রয়াত শামছু মিয়া (শামসুজ্জোহা), ১৯৭৩ সালের শুরুতে আমি এই কেন্দ্রে যোগদানের সময় তিনি চাকুরীরত ছিলেন। তখন মতিহার প্রেরণ কেন্দ্রে স্থাপিত দশ কিলোওয়াট ক্ষমতার একটি মধ্যম তরঙ্গ বা মিডিয়াম ওয়েভ ট্রান্সমিটার থেকে অনুষ্ঠান প্রচারিত হতো। স্বাধীনতার পর প্রথম আওয়ামী লীগ সরকার রাজশাহী ও খুলনার জন্য দুটি একশ কি.ও. ট্রান্সমিটার স্থাপনের অনুমতি দেন। খুলনায় যথারীতি নতুন ট্রান্সমিটার বসানো হলেও জিয়া সরকারের আমলে রাজশাহীতে উপযুক্ত স্থান পাওয়া যাচ্ছেনা এই অজুহাত দেখিয়ে, যতদূর জানা যায়, তৎকালীন তথ্যমন্ত্রী হাবিবুল্লাহ খানের উদ্যোগে বরাদ্দকৃত ট্রান্সমিটারটি বগুড়ার কাহালুতে স্থাপন করা হয়। অথচ তখন বগুড়ায় কোন বেতার কেন্দ্র ছিলনা কিংবা এখনো নেই। ওই ট্রান্সমিটার থেকে এখনো রাজশাহী কেন্দ্রের অনুষ্ঠান রীলে করা হয় যার কোন অর্থ হয়না। (অথচ কাহালুতে জমি অধিগ্রহণ করার সময় নাকি বগুড়ার মানুষদের সেখানে পৃথক একটি বেতার কেন্দ্র স্থাপন করা হবে বলে আশ্বাস দেয়া হয়েছিল)।

*অন্যদিকে বেসরকারি সূত্র অথবা পত্রিকা থেকে সংবাদ নেয়ার ব্যাপারে বিধিনিষেধ ছিল। এ কারণে অনেক সময় ঢাকা থেকে প্রচারিত খবর মনিটর করে কিংবা একই খবর একাধিক দিন প্রচার করতে হতো।*

যাইহোক, এবার নিজের কথায় আসি। আমি রাজশাহী কেন্দ্রে যোগ দেয়ার সময় প্রতিদিন বিকেল সাড়ে পাঁচটায় একবারমাত্র বাংলায় পাঁচ মিনিটের স্থানীয় সংবাদ প্রচার হতো। কোন সংবাদদাতা ছিলনা, সরকারী সূত্র থেকে টেলিফোনে অথবা প্রেস রিলিজের মাধমে সংবাদ সংগ্রহ করা হতো। রাজশাহীতে তখন পত্রিকা বলতে জেলা পরিষদের অর্থানুকূল্যে প্রকাশিত সাপ্তাহিক রাজশাহী বার্তা (সরকারী উদ্যোগে দৈনিক বার্তা প্রকাশিত হয় ১৯৭৬ সালের শেষ দিকে), ঢাকার পত্রিকা আসতো বিকেলের দিকে। অন্যদিকে বেসরকারি সূত্র অথবা পত্রিকা থেকে সংবাদ নেয়ার ব্যাপারে বিধিনিষেধ ছিল। এ কারণে অনেক সময় ঢাকা থেকে প্রচারিত খবর মনিটর করে কিংবা একই খবর একাধিক দিন প্রচার করতে হতো। এতে করে শ্রোতাদের কাছে খবরের কোন আকর্ষণ ছিলনা। (বর্তমানে প্রতিটি জেলায় নিজস্ব সংবাদদাতা, স্থানীয় ভাবে অনেক ক'টি দৈনিকের প্রকাশ এবং ই-মেইল সুবিধা সত্ত্বেও স্থানীয় সংবাদের মান কতটা উন্নত হয়েছে অথবা গ্রহণযোগ্যতা পেয়েছে, সে বিষয়ে অবশ্য আমার কোন মতামত নেই)।

হাসান মীর
অবসর প্রাপ্ত বেতার ব্যক্তিত্ব
বাংলাদেশ বেতার ও রেডিও জাপান



# DX-ing এর মাঠে আমার বিচরণ

রেডিও আমার শখ, একবারে শৈশব থেকেই রেডিও আমার সাথী। যতদূর মনে পড়ে ১৯৬৯ সালে প্রথম রেডিও আসে আমাদের বাড়িতে। বাবা চাকুরিজীবি; বছরে দু,একবার আসতেন বাড়িতে- ত্রিপুরায় এক অজ পাড়াগাঁয়ে। সেবছর কোলকাতা থেকে আসার সময়, বাবা নিয়ে আসেন ফিলিপ্স এর একটি ট্রানজিস্টার রেডিও। লাগেজ থেকে জিনিসটা বেড় করতেই সকলের চোখ চড়কগাছ। আমি তখন বছর দশেকের , পাড়ার ইস্কুলে পড়ি। তখনকার দিনে রেডিও ছিল একধরণের symbol of status । সারা গ্রাম খুঁজেও রেডিও পাওয়া ছিল রীতিমত অসম্ভব ব্যাপার। বাবা কোলকাতা ফিরে গেলে রেডিওটা চলে আসে আমার দখলে, শুরু হয় রেডিও-এর সাথে সখ্যতা। তখন আমার সীমাবদ্ধতা ছিল শুধু ঢাকা, আগরতলা ও কোলকাতায়, মিডিয়াম ওয়েভে। ঢাকা খুব ভাল শোনা যেত বলে, তা ছিল আমার আকর্ষনের কেন্দ্র বিন্দুতে।

আগরতলা থেকে সংবাদ প্রচার ছিলনা। তাই দিল্লীর নীলিমা, ইভা. প্রশান্ত, অনিল আর কোলকাতার দেবদুলাল-এর কণ্ঠস্বর ছিল পরিবারের লোকের মতই পরিচিত। তবে প্রথম চিঠি লিখি ঢাকা বেতারে। ঢাকা কেন্দ্র থেকে আমার নাম প্রচার- রোমাঞ্চ আর আনন্দে ভরা সে এক অনাবিল অনুভূতি।

একাত্তরে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় বিবিসির খবর শোনা থেকেই শর্টওয়েভে আমার আগ্রহ শুরু। এরপর শুরু হয় VOA, NHK, DW, Radio Peking, FEBC শোনা। শুধু শোনাই নয়, চলতে থাকে পত্রালাপও। একজনের পরামর্শে অনুষ্ঠান ভাল শোনার জন্য একদিন রেডিওতে লাগালাম প্রায় ২৫ মিটার লম্বা এক তার। পেলাম শর্টওয়েভে নতুন অনেক বেতার।

১৯৭৩ থেকে ১৯৭৯ পড়াশোনার কারণে রেডিও সাথে সাময়িক বিচ্ছেদ। কিন্তু কলেজ শেষ করে আবার সেই রেডিও। ক্রিকেট ধারাবিবরণী শোনার জন্য শর্টওয়েভে খুঁজে পেলাম বিবিসি ওয়ার্ল্ড সার্ভিস। অস্ট্রেলিয়া সিরিজের জন্য রেডিও অস্ট্রেলিয়া। এভাবেই নতুন নতুন বেতার খুঁজে পাওয়ার নেশা মাথায় চেপে বসে। এমন ভাবে একদিন পেলাম শ্রীলংকা ব্রডকাস্টিং কর্পোরেশন থেকে প্রচারিত AWR এর শ্রোতাপ্রিয় DX অনুষ্ঠান Radio Monitor International কে। এ অনুষ্ঠানে বিভিন্ন রেডিও-এর সময়সূচী, ফ্রিকুয়েন্সি তালিকা সহ ডি-এক্সিং এর খবরাখবরের পাশাপাশি পেলাম Indian DX Club International (IDXC) এর ঠিকানা। আমার কৌতুহল মুহূর্তে যেন দশগুণ বেড়ে গেল। চিঠি পাঠালাম IDXC এ। সপ্তাহ দুইপর জবাব পেলাম শ্রদ্ধেয় তৃপ্তি রঞ্জন বসুর কাছ থেকে। তৃপ্তি-দা, বাবুল-দা এবং সুদীপ্ত-দা; শুধু ডি-এক্সিং এর বিষয়বস্তু বুঝিয়েই নয়, বিভিন্ন বেতারের ঠিকানা ও তথ্য দিয়ে আমাকে সমৃদ্ধ করে তুললেন।

প্রথম রিসেপশন রিপোর্ট পাঠালাম AWR Asia তে RMI DX অনুষ্ঠানের বিবরণ সমেত। QSL পেলাম। সেটা ছিল মে, ১৯৮০। সেই থেকে ১৯৮৬ তে চাকুরিতে যোগ দেওয়া অবধি ডি-এক্সিং ছিল ধ্যান-জ্ঞান। এরপর ভাটা পড়ে। আর ডি-এক্সিং এর দ্বিতীয় ইনিংস শুরু করি ২০১৩তে।

একজন ডি-এক্সার হিসেবে সাফল্য খুব-একটা মন্দ নয়। আমার সংগ্রহে রয়েছে শতাধিক দেশের QSL কার্ড। এই সাফল্যের জন্য অনেক পরিশ্রম করতে হয়েছে। অনেক সময় দিতে হয়েছে, ধরতে হয়েছে অনেক ধৈর্য। যদিও শর্টওয়েভ থেকে একে একে বিদায় নিচ্ছে বেতার কেন্দ্র, তাই বলে ডি-এক্সিং শেষ হয়ে যাবেনা। রেডিওকে যারা ভালবাসে, তারা ডি-এক্সিংকে বাঁচিয়ে রাখবেই।

প্রদীপ চন্দ্র কুন্ড
কুমারিয়াকুচা, আগরতলা, ত্রিপুরা ৭৯৯ ১০৩, ভারত

# Quiz Corner

## Radio Romania International - Maramures Quiz Winners



Radio Romania International recently organized "Maramures culture and traditions at the heart of Europe" contest. From October 01, 2017 to November 30, 2017 listeners of RRI got chances to take part in this contest. December 21, 2017 RRI announced the Winners Maramures Contest.

Radio Romania International received 301 correct and complete answers. RRI English service received 123 answers all over the world. 89 of them found correct. The winners will receive prizes consisting in objects that promote the culture of Maramures.

**Winners Maramures Contest**

Honorable Mentions:

30 winners are in this list from following countries:
China, Iraq, Belarus, Algeria, Italy, Russia, Argentina, Brazil, Spain, Chile, Austria, India, UK, Australia, Ireland, Nederlans, Poland, Bulgaria and Germany.

From India, Mr Hemsagar Naik representing the South Asia.

Third Prizes:

There are 20 lucky winner in this list. They are presenting the following countries:
China, Austria, Algeria, Tunisia, Ukraine, Senegal. Italy, Belarus, Russia, Colombia, Canada, Philippines, USA, Denmark, India, Bangladesh and Pakistan.

Ms. Gita Chakrabarty (India), Mr. Shariful Islam Sharif and Ms. Naz Parvin (Bangladesh) and Mr. Ali Shahzad Chadhar (Pakistan) are from South Asia.

Second Prizes:

20 lucky winners from the following countries got 2nd prizes. Countries are: Spain, China, Germany, Algeria, Ukraine, France, Italy, Russia, Brazil, UK, USA, India and Malta.

Mr. Deepak Kumar an Indian nation representing South Asia in this category.

First Prize:

Winners Maramures Contest has 10 first prize and those went to:
USA, Serbia, Germany, Egypt, Russia, Italy, Peru and India.

Mr. Jaydeep Chakrabarty and Mr. Naved Raiyan (India) were there as South Asian.

Special Prize:

9 special prizes went to the following countries participants:
China, Morocco, France, Italy, Russia, Cuba, UK, Sweden and Bangladesh.

Mr. Ashik Eqbal Tokon (Bangladesh) representing South Asia.

More details on **rri.ro**

More Quizzes with answer tips are available on eqbal.info/blog

## বেতার পরিচিতি

Radio Ukraine International ইউক্রেনের জাতীয় সমপ্রচার সেবা। National Radio Company of Ukraine (NRCU) এর অংশ হিসেবে এটি ইউক্রেনের কণ্ঠস্বর হয়ে ইউক্রেন তথা সারা বিশ্বে বেতার সেবা পৌছে দিচ্ছে। রাজধানী কিয়েভ (Kyiv)এর হৃদয় প্রচারিত হয় RUI এর অনুষ্ঠান। ৬০-এর ও বেশী প্রশিক্ষিত বেতার কর্মীর নিরলস প্রচেষ্টার ফল এ বেতার সম্প্রচার।




ইউক্রেনের স্বাধীনতা লাভের পর Radio Ukraine International (RUI) এর জন্ম। প্রতিদিন ইউক্রেনিয় সহ ৫ টি ভাষায় অনুষ্ঠান প্রচার করে আসছে RIU। চারটি চ্যানেলের মাধ্যমে প্রচারিত হয় ইউক্রেনিয়, ইংরেজি, জার্মান, রোমানিয়ান ও রাশান ভাষায় অনুষ্ঠান।সারা বিশ্বে ইউক্রেনের রাজনৈতীক ও আর্থ-সামাজিক চিত্র তুলে ধরে RIU।এছাড়াও থাকে চলতি ঘটনাবলি, ইতিহাস, সংস্কৃতি ও ইউক্রেনিয় গান।

### Radio Ukraine International (RUI) এর ইতিহাস

মার্চ ১৯৯২ থেকে রেডিও ইউক্রাইন ইন্টারন্যাশনালের অনুষ্ঠান প্রচার শুরু হয়। তবে সোভিয়েট ইউনিয়নের সহযোগী হিসেবে রেডিও কিয়েভ এর জন্ম ১৯২০ সালে। প্রথম খেকেই এ বেতার কেন্দ্র ব্যবহার করতো উচ্চ ক্ষমতা সম্পন্ন প্রেরনযন্ত্র। দ্বিতীয় বিশ্বযুদ্ধের কারনে ১৯৪১ সাল থেকে প্রচার বন্ধ থাকে রেডিও কিয়েভ।এর পুনরায় সম্প্রচার আরাম্ভ হয় ১৯৪৬ সালে। রেডিও কিয়েভ এর শর্টওয়েভ যাত্রা ১৯৫০ সালের ০১ লা নভেম্বর। ১৯, ২৫ ও ৩১ মিটার ব্যান্ডে ইউক্রেনিয় ভাষায় এ সম্প্রচার শুরু। রেডিও কিয়েভ থেকে ইংরেজি ভাষায় অনুষ্ঠান শুরু হয় ১৯৬২ সালে। ১৯৬৬ সালে জার্মান ও ১৯৭০ সালে চালু হয় রোমানীয়ান ভাষার অনুষ্ঠান।

প্রথম থেকেই এ বেতার কেন্দ্র শর্টওয়েভ রিসেপশন রিপোর্টের জন্য শ্রোতাদের দিত দৃষ্টিনন্দন QSL কার্ড।

রেডিও ইউক্রআন ইন্টারন্যাশনাল ২০১০ সালের ডিসেম্বর মাসে চীর বিদায় জানায় শর্টওয়েভ সম্প্রচার ব্যবস্থাকে। পতন ঘটে ইতিহাসের পুরোনো এক বেতার কেন্দ্রের।

বর্তমানে শুধুমাত্র ইন্টারনেট পরিসেবার মাধ্যমে বেঁচে আছে Radio Ukraine International ।

সর্বশেষ কুইজের খবর (উত্তর টিপস্ সহ) ও বেতার জগতের সব ধরনের তথ্যের জন্য ঘুরে আসুন **dxing.eqbal.info**

# বেতার আজ শুধুই স্মৃতি

আমি একজন বেতার শ্রোতা। যার সূচনা হয়েছিল যখন চতুর্থ শ্রেণিতে পড়ি। আমাদের বাড়িতে তখন টিভি ছিল না। বিনোদনের একমাত্র মাধ্যম হিসাবে ছিল একটা ব্যাটারি চালিত রেডিও। বাবা সেই রেডিও দিয়ে খবর শোনে। আমি সুযোগ পেলেই মাঝেমধ্যে গান শুনি। গান শুনতে আমার খুব ভালো লাগে। কিন্ত মা রেডিও বাজাতে দেয় না, ব্যাটারি শেষ হয়ে যাবে বলে। বাবা যখন রেডিও অন করে খবর শোনে আমি তখন পাশে বসে থাকি। এভাবে রেডিওতে গান, খবর ও অন্যান্য অনুষ্ঠান শোনার প্রতি আগ্রহ আমাকে আন্তর্জাতিক বেতার গুলোর সাথে পরিচয় করিয়ে দেয়। বিদেশী বেতারগুলোর খবর ছিল বস্তুনিষ্ঠ তরতাজা এবং সময়োপযোগী। ফলে বিদেশী বেতার শোনার নেশা আমার প্রবল হয়ে উঠে। একসময় এসব বেতারের সাথে পত্র যোগাযোগ শুরু করি। ভয়ে ভয়ে বেশ কয়েকটি চিঠি পাঠানোর পরে হঠাৎ একদিন জার্মান বেতার থেকে জীবনের প্রথম একটা চিঠি পাই। চিঠি পেয়ে আমার খুব ভালো লাগলো এবং সাহস হলো। এভাবেই বিভিন্ন বেতারের সাথে আমার পত্র যোগাযোগ হতে থাকে।



*MA Bark with CRI Representative*

একদিন তরিকুল আহমেদ নামে একজন বেতার শ্রোতার সাথে আমার পরিচয় হয়। এই ভাইয়ের পরামর্শে কয়েকজন বন্ধুদের নিয়ে ২০০৪ সালে আমি পাইওনিয়ার রেডিও এন্ড টিভি ক্লাব নামে একটা শ্রোতাসংঘ গঠন করি। আমাদের উদ্দেশ্য `গণসচেতনতার মাধ্যমে সমাজ সেবা` এবং দেশ-বিদেশের বেতার শোনা। তখন বাংলাদেশ বেতার, বিবিসি, ডয়চেভেলে, সিআরআই, রেডিও জাপান, রেডিও তেহরান, ভিওএ, এডাব্লিউআর, রেডিও ফিলিপাইন ইত্যাদি বেতারগুলোর সাথে পত্র যোগাযোগ আরও বেড়ে যায়। কয়েকটি বেতার থেকে আমরা শ্রোতাক্লাব রেজিঃ পাই। এখানে উল্লেখ্য যে, এতোদিন আমরা সেই রেডিও দিয়েই কিন্ত বিভিন্ন বেতারের অনুষ্ঠান শুনেই চলেছি। উপরোক্ত, বেতারগুলোর প্রায় সব কুইজ প্রতিযোগিতায় আমাদের ক্লাব অংশগ্রহণ করে । কিন্ত দুর্ভাগ্য আমরা কোন বেতার থেকেই কোনো মূল্যবান পুরষ্কার জিততে পারিনি। ২০০৬ সালে জার্মানে অনুষ্ঠিত বিশ্বকাপ ফুটবল নিয়ে ডয়চেভেলের বিশেষ ধ্যাঁধা প্রতিযোগিতায় অংশ নিয়ে স্বান্তনা পুরষ্কার হিসেবে একটা চাবির রিং পাই। কিন্ত স্বপ্নের রেডিও না। বেতার থেকে সেই স্বপ্নের হরিণ না পেলেও কিন্ত দেশ বিদেশের অনেক ভাইয়ের সাথে আমার পরিচয়ের সুযোগ হয়েছে। যাদের সহযোগীতা আর স্নেহ ভালোবাসায় আমি মুগ্ধ। এটা বেতার জীবনে না আসলে হয়তো আমি বুঝতামই না। বেতার এবং বেতারের সাথে সম্পৃক্ত সবাইকে আমার অনেক ভালো লাগে। মনে হয় আমরা একটা পরিবারে আছি। কিন্ত সময়ের বিবর্তনে আজ দেশ বিদেশের বেতারগুলো তাদের কার্যক্রমগুলো গুটিয়ে নিচ্ছে। তাই এক সময়ের অন্যতম প্রচারমাধ্যম বেতার আজ শুধুই স্মৃতি।


এমএ বারিক
পাইওনিয়ার রেডিও এন্ড টিভি ক্লাব।
ভাটরা, সিহালী, শিবগনজ, বগুড়া।
মোবাইলঃ ০১৭২৩১০৩০৩৪





## ফেলে আসা দিনের স্মৃতি

রেডিওর সঙ্গে আমার প্রথম পরিচয় গত শতাব্দির সত্তরের দশকে। আমার বয়স তখন নিতান্তই কম। নিজে রেডিও চালাতে পারতাম না। কেউ রেডিও চালালে অবাক হয়ে শুনতাম। লোকজন দেখা যায় না কিন্তু কথা শোনা যায়, এটা ছিল আমার কাছে খুব বিশ্ময়ের ব্যাপার। আমি ভাবতাম রেডিওর মধ্যে লোকজন থাকে, তারা গানবাজনা করে। ওইটুকু ছোট বাক্সের মধ্যে লোকজনের আদৌ থাকা যে সম্ভবনয় তখন আমার মাথায় আসেনি ।

সেই সময়ে গ্রামের কয়েকজন লোক আমাদের বাড়িতে রেডিও শুনতে আসতেন। তাদেরই একজন আমাকে বলেছিলেন তুই রোজ রেডিওতে গান গল্প খবর কতকিছু শুনিস কিন্তু রেডিওর লোকগুলোকে কী খেতে দিস? আমি বলেছিলাম কিছুই খেতে দেইনা। তিনি বললেন তোদের রেডিও বেশিদিন চলবে না। রেডিওর লোকগুলো না খেতে পেয়ে সবাই মরে যাবে, রেডিওটাও বন্ধ হয়ে যাবে। সেদিন মনেমনে স্থির করলাম রেডিওর লোকগুলোকে আমি আমার সবচেয়ে প্রিয় খাবার দুধভাত খেতে দেবো। রেডিওর লোকগুলোকে দুধভাত খাওয়ানোর জন্য আমি সুযোগ খুঁজতে লাগলাম। একদিন মা আমাকে দুধভাত খেতে দিয়ে কাজে ব্যস্ত হয়ে পড়ছেন। আমার মনে হলো এটাই সুবর্ণ সুযোগ। চুপিচুপি দুধভাত নিয়ে চলে গেলাম রেডিওর কাছে। আস্তে আস্তে ডাকলাম এইযে তোমরা শুনছো। তোমাদের জন্য দুধভাত এনেছি। তাড়াতাড়ি খেয়ে নাও। আমি উদগ্রীব হয়ে অপেক্ষা করতে লাগলাম। কিন্তু কেউ দুধভাত খেতে এলো না।

রেডিওর লোকগুলোকে দুধভাত খেতে দিতে না পারার জন্য মনের মধ্যে কষ্ট হতে লাগলো। কোনো উপায় খুঁজে না পেয়ে মনেমনে ভাবলাম রেডিওর ওপর দুধভাত ঢেলে দিলে নিশ্চই খাবে। পরিকল্পনা মতো রেডিওর ওপর দুধভাত ঢেলে দিতে যাবো এমন সময় চমকে উঠলাম মায়ের গলা শুনে। রেডিওর সামনে বসে কি করছিস? শুরু হলো জেরা। রেডিওর লোকগুলোকে দুধভাত খেতে দেওয়ার বৃত্তান্ত মায়ের কাছে বলতে হলো। সব শুনে মা আমাকে বুঝিয়ে বললেন রেডিওর মধ্যে কোনো লোকজন থাকে না। তাই তাদের দুধভাত খেতে দিতে হবেনা। রেডিও সম্পর্কে আমার ভুল ধারনার অবসান হলেও মনের কোনে রয়ে গেল দুধভাত খেতে দিতে না পারার দুঃখ । এরপর প্রাইমারি স্কুলের গন্ডি পেরিয়ে পৌঁছলাম হাইস্কুলে। ততদিনে রেডিওর সঙ্গে সখ্যতা আরো বেড়েছে। বেড়েছে অজানাকে জানার আগ্রহ।

এই আগ্রহ থেকেই শুরু হলো নেশা। নেশাটি হলো শর্টওয়েভে বাংলা বেতার কেন্দ্রের আবিষ্কার। হ্যাঁ আমি একে আবিষ্কার-ই বলবো। তার কারন দিনের পর দিন চেষ্টা করতে করতে একদিন কোনো একটি বেতারকেন্দ্রকে খুঁজে পেলে একজন কিশোরের যে অপরিসীম রোমাঞ্চ হয় কলম্বাসের আমেরিকা আবিষ্কারের রোমাঞ্চ থেকে কোনো অংশে কম নয়। যখন কোনো বেতার কেন্দ্রকে খুঁজে পেয়েছি তখন এক অনির্বচনীয় আনন্দে মনটা ভরে উঠেছে। আর মনেমনে একজন আবিষ্কারক হিসাবে রোমাঞ্চ আনুভব করেছি। এইভাবে বিভিন্ন বেতার কেন্দ্রকে আমি খুঁজে পেয়েছি এবং তাদের অনুষ্ঠান শুনতে শুরু করেছি। যতদিন গিয়েছে রেডিওর সঙ্গে আমার বন্ধুত্ব তত গভীরতর হয়েছে।

পার্থ দত্ত
গ্রাম+ডাকঘর বড় চাঁদ ঘর ।
নদীয়া- ৭৪১১৫৬ পশ্চিম বঙ্গ । ভারত ।
Email parthadutta538@gmail.com

Voice of Vietnam
Your program from Vietnam




Wish a Successful Come-Back of DX-NET

## Bengali Winter Schedule (B17)

| UTC | | Station | Frequency (kHz) | | | Days |
|---|---|---|---|---|---|---|
| **0:00** | 0:30 | IBRA MEDIA/FEBA Radio | 5900 | | | Daily |
| **0:15** | 0:30 | Athmeeya Yatra R. (GFA) | 7380 | | | Sun-Sat |
| **0:30** | 0:45 | TWR India | 7280 | | | Mon-Fri |
| **0:30** | 1:00 | BBC | 7485 | 9560 | 11700 | Daily |
| **1:15** | 1:30 | Sri Lanka Broadcasting Corp. | 11905 | | | Sat-Wed |
| **1:30** | 2:00 | BBC | 9560 | 11995 | | Daily |
| **2:00** | 2:57 | China Radio International | 9655 | 11640 | | Daily |
| **5:00** | 6:00 | Bangladesh Betar | 7250 | | | Daily |
| **6:00** | 12:35 | Bangladesh Betar | 4750 | | | Daily |
| **7:00** | 9:00 | Bangladesh Betar | 7250 | | | Daily |
| **9:00** | 11:57 | Radio Saudi Arabia | 15120 | | | Daily |
| **12:30** | 13:00 | Adventist World Radio | 15430 | | | Expt-Su,We,Fr |
| **12:45** | 13:00 | Reach Beyond Australia (HCJB) | 15340 | | | Sat |
| **12:55** | 15:35 | Bangladesh Betar | 4750 | | | Daily |
| **13:00** | 14:00 | China Radio International | 9490 | 9600 | 11610 | Daily |
| **13:00** | 13:45 | NHK World Radio Japan | 11685 | | | Daily |
| **13:00** | 13:30 | Reach Beyond Australia (HCJB) | 12040 | | | Tue |
| **13:00** | 13:30 | Adventist World Radio | 15255 | | | Daily |
| **13:15** | 13:30 | TWR India | 9910 | | | Sat |
| **13:30** | 14:00 | BBC | 5875 | 9510 | 11750 | Daily |
| **14:00** | 14:57 | China Radio International | 9490 | 11610 | | Daily |
| **14:00** | 14:27 | Radio Veritas Asia | 11880 | | | Daily |
| **14:20** | 15:20 | IRIB Radio Tehran | 9470 | 9700 | | Daily |
| **14:45** | 15:00 | Reach Beyond Australia (HCJB) | 11900 | | | Mon,Thu |
| **15:00** | 15:30 | IBRA MEDIA/FEBA Radio | 9390 | | | Daily |
| **15:00** | 15:57 | China Radio International | 9610 | 9690 | | Daily |
| **15:15** | 15:30 | Athmeeya Yatra R. (GFA) | 15235 | | | Fri-Sun |
| **15:55** | 17:04 | Bangladesh Betar | 4750 | | | Daily |
| **16:19** | 16:49 | IRIB Radio Tehran | 7375 | | | Daily |
| **16:30** | 17:00 | BBC | 5845 | | | Daily |
| **16:30** | 17:00 | Bangladesh Betar | 7250 | | | Daily |
| **16:30** | 17:00 | BBC | 7485 | 9540 | | Daily |
| **19:15** | 20:00 | Bangladesh Betar | 13580 | | | Daily |

Latest Bengali Schedules are available on www.WSABD.webs.com

# Hindi Winter Schedule (B17)

| UTC | STATION | Frequency (kHz) | | | Days |
|---|---|---|---|---|---|
| **0045-0115** | TWR India | 7280 | | | Mon-Fri |
| **0059-0120** | NHK World Radio Japan | 6155 | | | Daily |
| **0100-0130** | BBC | 1413 | 5875 | 7430 | Daily |
| **0100-0130** | BBC | 7565 | 11995 | | Daily |
| **0115-0130** | TWR India | 7280 | | | Tue |
| **0115-0230** | Sri Lanka Broadcasting Corp. | 11905 | | | Mon-Thu |
| **0115-0330** | Sri Lanka Broadcasting Corp. | 11905 | | | Fri |
| **0230-0300** | All India Radio | 7505 | | | Daily |
| **0300-0357** | China Radio International | 9695 | 11640 | | Daily |
| **0300-0357** | China Radio International | 11700 | 15350 | | Daily |
| **0315-0415** | All India Radio | 13695 | 15030 | 15185 | Daily |
| **0430-0530** | All India Radio | 13695 | 15030 | 15185 | Daily |
| **1100-1200** | Voice of Tajik | 7245 | | | Daily |
| **1300-1315** | Reach Beyond Australia (HCJB) | 9610 | | | Sat |
| **1300-1330** | Reach Beyond Australia (HCJB) | 9610 | | | Mon-Thu |
| **1300-1330** | Reach Beyond Australia (HCJB) | 12040 | | | Wed |
| **1300-1357** | China Radio International | 1422 | 7265 | 9450 | Daily |
| **1315-1330** | Reach Beyond Australia (HCJB) | 12040 | | | Mon |
| **1315-1330** | Athmeeya Yatra R.(GFA) | 15285 | | | Sat-Sun |
| **1315-1345** | TWR India | 9745 | | | .Mon-Sat |
| **1330-1345** | TWR India | 9745 | | | Sun |
| **1330-1400** | Reach Beyond Australia (HCJB) | 11865 | | | Sun |
| **1345-1400** | TWR India | 9910 | | | Tue-Sun |
| **1400-1430** | BBC | 1413 | 5875 | | Daily |
| **1400-1430** | BBC | 9510 | 9540 | | Daily |
| **1400-1430** | TWR India | 9745 | | | Sat-Sun |
| **1400-1430** | TWR India | 9910 | | | Sat |
| **1400-1430** | Reach Beyond Australia (HCJB) | 11900 | | | Fri-Sat |
| **1400-1430** | BBC | 11945 | | | Daily |
| **1400-1445** | Reach Beyond Australia (HCJB) | 11900 | | | Sun-Thu |
| **1415-1435** | TWR India | 9745 | | | Mon-Fri |
| **1420-1520** | IRIB Radio Tehran | 5920 | 7375 | 9900 | Daily |
| **1430-1445** | TWR India | 9910 | | | Mon-Fri |
| **1430-1450** | Vatican Radio | 7250 | 9505 | | Daily |
| **1430-1500** | FEBC/FEBA Radio | 9540 | | | Wed-Sun |
| **1430-1500** | NHK World Radio Japan | 15720 | | | Daily |
| **1445-1500** | Athmeeya Yatra R.(GFA) | 15285 | | | Mon-Fri |

Continue to page no 15

## English Winter Schedule for Asia and South Asia (B17)

| UTC | | Station | Frequencies (kHz) | Days |
|---|---|---|---|---|
| **0000** | 0045 | All India Radio | 6045, 7550, 9445, 9705, 11645 | Daily |
| **0000** | 0100 | China Radio Int'l | 6075, 6180, 7425, 9425, | Daily |
| **0000** | 0100 | China Radio Int'l | 11790, 11885, 15125 | Daily |
| **0000** | 0200 | BBC | 5970 | Daily |
| **0100** | 0200 | China Radio Int'l | 6075, 6180, 7370, 11885, 15125 | Daily |
| **0130** | 0200 | Thazin Radio | 6030 | Daily |
| **0200** | 0300 | BBC | 6155 | Daily |
| **0200** | 0300 | China Radio Int'l | 9610, 11770 | Daily |
| **0200** | 0300 | World Voice | 9600 | Daily |
| **0300** | 0400 | China Radio Int'l | 11770, 13570, 13590 | Daily |
| **0300** | 0400 | China Radio Int'l | 13800, 15120 | Daily |
| **0300** | 0400 | Radio Taiwan Int'l | 15320 | Daily |
| **0300** | 0400 | World Voice | 15560 | Daily |
| **0400** | 0430 | WHRI | 12015 | Sat |
| **0400** | 0500 | China Radio Int'l | 13570, 13590, 15120 | Daily |
| **0400** | 0500 | Radio Romania Int'l | 11790 | Daily |
| **0500** | 0600 | China Radio Int'l | 11895, 15350, 15430 | Daily |
| **0500** | 0600 | China Radio Int'l | 15465, 17540 | Daily |
| **0500** | 0800 | Radio Kuwait | 11970 | Daily |
| **0600** | 0700 | China Radio Int'l | 11895, 13645, 15350, | Daily |
| **0600** | 0700 | China Radio Int'l | 15430, 15465, 17710 | Daily |
| **0630** | 0700 | Thazin Radio | 9460 | Daily |
| **0700** | 0730 | Myanmar Radio | 9731 | Daily |
| **0700** | 0800 | China Radio Int'l | 11895, 13660, 15185 | Daily |
| **0700** | 0800 | China Radio Int'l | 15350, 15465, 17710 | Daily |
| **0700** | 0800 | PBS Zizang Lhaza | 4905, 4920, 6025, 6110 | Daily |
| **0700** | 0800 | PBS Zizang Lhaza | 6130, 6200, 9490, 9580 | Daily |
| **0800** | 0900 | China Radio Int'l | 9415, 11710, 11895 | Daily |
| **0800** | 0900 | China Radio Int'l | 15185, 15350, 15465 | Daily |
| **0800** | 0900 | KNLS | 7370 | Daily |
| **0900** | 0930 | Voice of Mongolia | 12035 | Daily |
| **0900** | 1000 | China Radio Int'l | 9415, 15185, 15350 | Daily |
| **0900** | 1200 | WEWN | 9470 | Daily |
| **1000** | 1030 | KTWR | 11995 | Mon-Fri |
| **1000** | 1030 | KTWR | 11965 | Sun |
| **1000** | 1030 | Voice of Vietnam | 9840, 12020 | Daily |
| **1000** | 1045 | KTWR | 11995 | Sat |
| **1000** | 1100 | All India Radio | 7270, 13605, 15410, 17510 | Daily |
| **1000** | 1100 | BBC | 6195, 9740, 11895, 15285 | Daily |
| **1000** | 1100 | China Radio Int'l | 5955, 13590, 13720 | Daily |

# English Winter Schedule for Asia and South Asia (B17)

| UTC | | Station | Frequencies (kHz) | Days |
|---|---|---|---|---|
| **1000** | 1100 | China Radio Int'l | 15190, 15350 | Daily |
| **1000** | 1100 | KNLS | 7370 | Daily |
| **1020** | 1120 | IRIB Radio Tehran | 17820, 21510 | Daily |
| **1100** | 1130 | KTWR | 11965 | Mon |
| **1100** | 1130 | R. Japan | 11825si | Daily |
| **1100** | 1145 | KTWR | 11965 | Wed-Sat |
| **1100** | 1200 | BBC | 6195, 9740i, 15285 | Daily |
| **1100** | 1200 | China Radio Int'l | 5955, 7250, 11650, 11795 | Daily |
| **1100** | 1200 | China Radio Int'l | 12015, 13590, 13720 | Daily |
| **1100** | 1200 | KTWR | 11965 | Sun |
| **1100** | 1200 | Radio Taiwan Int'l | 7445, 11600 | Daily |
| **1115** | 1130 | Reach Beyond Australia | 15575 | Mon-Web, Fri |
| **1130** | 1200 | Voice of Vietnam | 9840, 12020 | Daily |
| **1145** | 1200 | Reach Beyond Australia | 11915 | Sat-Sun |
| **1200** | 1230 | Bible Voice | 21480ma | Sat |
| **1200** | 1300 | Bangladesh Betar | 15105 | Daily |
| **1200** | 1300 | BBC | 6195, 9740, 11895 | Daily |
| **1200** | 1300 | China Radio Int'l | 5955, 7250, 9460, 9600, 9645 | Daily |
| **1200** | 1300 | China Radio Int'l | 9730, 11650, 11980, 12015 | Daily |
| **1200** | 1300 | KNLS | 7355, 7370 | Daily |
| **1200** | 1500 | WEWN | 12065 | Daily |
| **1230** | 1245 | Bible Voice | 21480ma | Sat |
| **1230** | 1245 | Eternal Good News | 21480ma | Sun |
| **1230** | 1245 | Eternal Good News | 9930pa | Sun |
| **1230** | 1300 | KTWR | 11695 | Sar |
| **1230** | 1300 | Radio Thailand | 9390 | Daily |
| **1230** | 1300 | Voice of Vietnam | 9840, 12020 | Daily |
| **1245** | 1300 | Reach Beyond Australia | 11865 | Daily |
| **1300** | 1330 | Reach Beyond Australia | 9610 | Sun |
| **1300** | 1400 | BBC | 9410 | Daily |
| **1300** | 1400 | China Radio Int'l | 5955, 7300, 9655, 9730 | Daily |
| **1300** | 1400 | China Radio Int'l | 9870, 11910, 11980 | Daily |
| **1300** | 1400 | Voice of Tajik | 7245 | Daily |
| **1315** | 1330 | Reach Beyond Australia | 11865 | Mon, Wed, Fri |
| **1315** | 1345 | KTWR | 7510 | Sat |
| **1330** | 1400 | Voice of Vietnam | 9840, 12020 | Daily |
| **1330** | 1500 | All India Radio | 9690, 13695 | Daily |
| **1400** | 1415 | Eternal Good News | 17650 | Sat |
| **1400** | 1430 | Bible Voice | 17510 | Sat |
| **1400** | 1430 | Radio Japan | 9560, 11925 | Daily |

# English Winter Schedule for Asia and South Asia (B17)

| UTC | | Station | Frequencies (kHz) | Days |
|---|---|---|---|---|
| **1400** | 1430 | Radio Thailand | 9390 | Daily |
| **1400** | 1500 | BBC | 9410 | Daily |
| **1400** | 1500 | China Radio Int'l | 5955, 7300, 9460, 9870 | Daily |
| **1400** | 1500 | KBS World Radio | 9630 | Daily |
| **1400** | 1500 | KNLS | 7355 | Daily |
| **1415** | 1430 | FEBA | 9775 | Mon |
| **1430** | 1500 | Bible Voice | 17510 | Sat |
| **1430** | 1500 | Lao National Radio | 6130 | Daily |
| **1430** | 1500 | Thazin Radio | 6165 | Daily |
| **1500** | 1530 | Vpice of Vietnam | 9840, 12020 | Daily |
| **1500** | 1600 | China Radio Int'l | 5955, 7325, 7395 | Daily |
| **1500** | 1600 | China Radio Int'l | 9785, 9870, 9880 | Daily |
| **1500** | 1600 | Radio Taiwan Int'l | 9405, 11685 | Daily |
| **1500** | 1630 | BBC | 9540, 9940 | Daily |
| **1500** | 1700 | KBS World Radio | 9630 | Daily |
| **1520** | 1620 | IRIB Radio Tehran | 11640, 11830 | Daily |
| **1530** | 1545 | All India Radio | 6155, 11560 | Daily |
| **1530** | 1600 | AWR | 11985 | Sat-Wed |
| **1530** | 1600 | Vatican Radio | 9510ph, 11700 | Sat |
| **1600** | 1630 | AWR | 11955, 17730 | Daily |
| **1600** | 1630 | KSDA | 15490, 15715 | Daily |
| **1600** | 1700 | China Radio Int'l | 6060, 6175, 7235, 9880 | Daily |
| **1600** | 1700 | PBS Zizang Lhaza | 4905, 4920, 6025, 6110 | Daily |
| **1600** | 1700 | PBS Zizang Lhaza | 6130, 6200, 7255, 7385 | Daily |
| **1600** | 1700 | R. Taiwan Int'l | 6185 | Daily |
| **1700** | 1800 | China Radio Int'l | 6090, 6140, 6175, 7235 | Daily |
| **1700** | 1800 | China Radio Int'l | 7410, 7420, 9880 | Daily |
| **1730** | 1825 | Voice of Turkey | 11730 | Daily |
| **1815** | 1830 | Eternal Good News | 7365 | Sun |
| **2200** | 2230 | AWR | 9720 | Mon,Wed,Sat |
| **2200** | 2230 | KSDA | 15435 | Sun,Tue,Thu |
| **2200** | 2300 | BBC | 3915, 5905, 5960, 6195 | Daily |
| **2200** | 2300 | BBC | 7205, 7300, 9890 | Daily |
| **2200** | 2300 | China Radio Int'l | 5915 | Daily |
| **2200** | 2300 | KBS World Radio | 13705 | Daily |
| **2245** | 2400 | All India Radio | 6045, 7550, 9445, 9705, 11645 | Daily |
| **2300** | 2400 | BBC | 3915, 6195 | Daily |
| **2300** | 2400 | China Radio Int'l | 5915, 6145, 7410, 9535, 11790 | Daily |
| **2300** | 2400 | Radio Romania Int'l | 7325, 9620 | Daily |
| **2330** | 2400 | Voice of Vietnam | 9840, 12020 | Daily |

# Urdu Winter Schedule (B17)

| UTC | Station | Frequencies (kHz) | | | Days |
|---|---|---|---|---|---|
| **0015-0430** | All India Radio | 6145 | 7340 | 7520 | Daily |
| **0100-0127** | Radio Veritas Asia | 15280 | | | Daily |
| **0100-0157** | China Radio International | 7240 | 6020 | | Daily |
| **0200-0215** | FEBC RADIO | 7320 | | | Daily |
| **0200-0230** | Adventist World Radio | 5970 | | | Daily |
| **0200-0257** | China Radio International | 6020 | 7290 | | Daily |
| **0215-0230** | FEBC RADIO | 7320 | | | Sun |
| **0830-1130** | All India Radio | 1071 | 6145 | 7250 | Daily |
| **0830-1130** | All India Radio | 7340 | 9950 | 11560 | Daily |
| **0830-1930** | All India Radio | 7520 | | | Daily |
| **1200-1457** | Radio Saudi Arabia | 13775 | | | Daily |
| **1250-1350** | IRIB Radio Tehran | 9500 | | | Daily |
| **1300-1315** | Reach Beyond Australia (HCJB) | 12040 | | | Mon |
| **1300-1330** | Reach Beyond Australia (HCJB) | 12040 | | | Thu, Fri |
| **1300-1356** | Voice of Turkey | 15390 | | | Daily |
| **1345-1400** | Athmeeya Yatra R.(GFA) | 15285 | | | Fri-Sat |
| **1400-0200** | Voice of America (MW) | 972 | 1539 | | Daily |
| **1400-1415** | TWR Africa | 15360 | | | Daily |
| **1400-1430** | Adventist World Radio | 15440 | | | Daily |
| **1400-1430** | Bangladesh Betar | 15505 | | | Daily |
| **1400-1457** | China Radio International | 1422 | 6075 | 7285 | Daily |
| **1430-1445** | Reach Beyond Australia (HCJB) | 11900 | | | Sat |
| **1430-1457** | Radio Veritas Asia | 11630 | | | Daily |
| **1430-1500** | TWR India | 1467 | | | Daily |
| **1500-1557** | China Radio International | 6075 | 7285 | | Daily |
| **1500-1600** | BBC | 1413 | | | Daily |
| **1500-1600** | China Radio International | 1422 | | | Daily |
| **1500-1600** | BBC | 7485 | 9410 | 9445 | Daily |
| **1500-1600** | Bible Voice | 11790 | | | Wed, Fri |
| **1515-1600** | NHK World Radio Japan | 9580 | | | Daily |
| **1520-1620** | IRIB Radio Tehran | 5940 | | | Daily |
| **1600-1630** | Adventist World Radio | 9445 | 11985 | | Daily |
| **1600-1800** | Radio Kuwait | 15540 | | | Daily |
| **1700-1745** | NHK World Radio Japan (MW) | 927 | | | Daily |

All B17 Data Source is HFCC and Station's Schedule. For the latest update of B17 Schedule please visit **dxing.eqbal.info .**

## Hindi Summer Schedule (B17) Continue

| UTC | STATION | Frequency (kHz) | | | Days |
|---|---|---|---|---|---|
| **1500-1557** | China Radio International | 7225 | 7265 | | Daily |
| **1515-1530** | All India Radio | 7555 | | | Daily |
| **1515-1545** | Bangladesh Betar | 15505 | | | Daily |
| **1530-1600** | NHK World Radio Japan | 7565 | | | Daily |
| **1530-1600** | Adventist World Radio | 11955 | 15250 | | Daily |
| **1600-1657** | China Radio International | 1188 | 5915 | 7395 | Daily |
| **1600-1800** | China Radio International | 1269 | 1422 | | Daily |
| **1615-1630** | Athmeeya Yatra R.(GFA) | 15150 | | | Daily |
| **1615-1730** | All India Radio | 7505 | 9445 | 9950 | Daily |
| **1615-1730** | All India Radio | 12025 | 13605 | | Daily |
| **1945-2045** | All India Radio | 7550 | 9445 | | Daily |
| **2300-2400** | Voice of Tajik | 7245 | | | Daily |
| **2300-2400** | All India Radio | 9910 | 11740 | 13795 | Daily |

For the latest update of B17 Schedule please visit **dxing.eqbal.info** or our club website **www.wsabd.webs.com** or old web portal **www.rosedwlc.webs.com**

## Scan FM : Commercial FM Station Bangladesh

| MHz | Station Name | MHz | Station Name |
|---|---|---|---|
| **88** | Radio Foorti | **94** | Radio Dhol |
| **88.4** | Radio Amar | **94.4** | Jago FM |
| **88.8** | Bangladesh Betar | **94.8** | Radio Capital |
| **89.2** | ABC Radio | **95.2** | Bangla Radio |
| **89.6** | Radio Today | **96** | City FM |
| **90** | Bangladesh Betar | **96.4** | Spice FM |
| **90.4** | Dhaka FM | **97.6** | Bangladesh Betar |
| **90.8** | Asian Radio | **98.4** | Ekattar FM |
| **91.2** | Radio Dhoni | **100** | BBC (Bangladesh Betar) |
| **91.6** | Peoples Radio | **101.6** | Colors FM |
| **92.4** | Radio Shadhin | **102.4** | Radio Amber |
| **92.8** | Radio Bhumi | **104** | Bangladesh Betar |
| **93.2** | Radio Next | **106** | Bangladesh Betar |

QTH: Dhaka, Bangladesh. Receiver Grundig YB 400
Antenna: Reel-out

DX-NET নিয়মিত প্রকাশে আপনাদের সহযোগিতা প্রয়োজন। আপনার সুচিন্তিত মতামত, সমালোচনা, বেতার পরিচিতি, QSL সংবাদ, রেতার কুইজ তথ্য, অনুষ্ঠান কেমন শুনছেন অথবা যে কোন ডি-এক্স বিষয়ক লেখা আমাদের পাঠিয়ে DX-NET এর প্রকাশনা অব্যাহত রাখুন। লেখা পাঠানোর ঠিকানা rosedwlc@gmail.com

**Wave Surfers' Association**

Luxmipur Greater Road
GPO Box 56, Rajshahi 6000
Bangladesh

Phone: +880 1911156612
Web: WSAbd.webs.com
E-mail: rosedwlc@gmail.com

www.WSAbd.webs.com

DX-ing for Communication,
Concord and Collaboration.

**Board of Editors**

- Fr. Daniel Sunil Rosario
  Radio Jyoti, Bangladesh
  (Ex-Producer Radio Veritas Asia)
- Md Ashik Eqbal Tokon
  Founder President, WSABD

**Published by**

Md Ashik Eqbal Tokon,

Founder President,
Wave Surfers' Association,
Bangladesh.
www.Eqbal.info

All rights reserved by the Publisher.

## Radio Taiwan International (RTI)

Radio Taiwan International (RTI) broadcasts worldwide from the Republic of China on Taiwan. It is one of the world's oldest radio stations and still in operation today. It has 13 languages to the rest of the world. Offering a wide variety of programs spanning from Mandarin Chinese lessons to Taiwanese history.

The radio station was established by the Kuomintang (KMT) government as the Central Broadcasting System (CBS) in Nanjing, China, in 1928. Between 1996 and 1998, the CBS merged with the international department of the Broadcasting Corporation of China (BCC), broadcasting under the call signs "Radio Taipei International" and "The Voice of Asia." Programs were later combined under a unified call sign, "Radio Taipei International."

RTI English is now on 6185 kHz from UTC 1600-1700 for South Asia. Listen RTI and Send your Feedback. (RTI LC Bangladesh)

